

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৯২৮

তেলিয়ামুড়া, ৩০ নভেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০

**কড়ইলং শিশুবিহার অঙ্গনওয়াড়ি কেন্দ্রে প্রশাসনিক শিবির**

প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে আজ তেলিয়ামুড়া পুর পরিষদের ২ ও ৩ নম্বর ওয়ার্ডভিত্তিক এক প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়। কড়ইলং শিশুবিহার অঙ্গনওয়াড়ি কেন্দ্রে অনুষ্ঠিত এই শিবিরে উপস্থিত ছিলেন পুর পরিষদের চেয়ারপার্সন রূপক সরকার, ভাইস চেয়ারপার্সন মধুসূদন রায়, কাউন্সিলার অপর্ণা শীল প্রমুখ। শিবিরে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ১৬ জনের আরওআর, ১৭ জনের ওবিসি, ৪ জনের এসসি এবং ১২ জনের পিআরটিসি সার্টিফিকেটের জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়।

শিবিরে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের পক্ষ থেকে প্রধানমন্ত্রী মাদ্রু বন্দনা যোজনার জন্য ৩টি, শ্রমদপ্তরের পক্ষ থেকে নির্মাণ শ্রমিক কল্যাণ প্রকল্পের জন্য ৬টি ও ই-শ্রম প্রকল্পে ১ জনের আবেদনপত্র জমা নেওয়া হয়। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে এই এলাকার ১৬টি পরিবারের ৫০টি গৃহপালিত পশুপাখির জন্য বিনামূল্যে ঔষধ বিতরণ করা হয়। বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের সুযোগ গ্রহণ করার জন্য জনগণকে সচেতন করা হয়।

\*\*\*\*\*